তারিখ ২২।৩।৮১
পৃষ্ঠা ........ কলাম ........

456

# আজ সারাদেশে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ বৃহস্পতিবার থেকে ঢাকাসহ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে ১৯৮১ সালের মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। ঢাকা বোর্ডে এবারের পরীক্ষায় ৭০ হাজার ১৪ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। ১৯৮০ সালে ৬৩ হাজার ১১৫ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিল। চলতি বছর ১০০টি কেন্দ্রে পরীক্ষা হবে। গতবছর কেন্দ্র ছিল ১০৪টি। এবার বিদেশে কুয়েত এবং দোহায় দুটি কেন্দ্র রয়েছে। সর্বমোট ৭০ হাজার ১৪জন পরীক্ষার্থীর মধ্যে ৫২ হাজার ২৭ জন পুরুষ ও ১৭ হাজার ৯৮৭ জন মহিলা পরীক্ষার্থী। এর মধ্যে কলা বিভাগে ৩৪ হাজার ৮৯৬, বিজ্ঞান বিভাগে ২১ হাজার ৮০৩জন, বাণিজ্য বিভাগে ৭ হাজার ৬৪৭ জন, কৃষি বিভাগে ৪ হাজার ৮১৫ জন গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ৬০৯ জন এবং শিল্পকলা বিভাগে ২১৪ জন পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছেন।

ঢাকা মহানগরীকে ৪টি জোনে বিভক্ত করা হয়েছে। ৩৪টি উপকেন্দ্র থেকে মোট ১২ হাজার ২৬৭ জন পরীক্ষার্থী অংশ নেবে। এর মধ্যে পুরুষ ৭ হাজার ১৫১ জন ও মহিলা ৫ হাজার ১১৬ জন। ঢাকা শিক্ষা বোর্ডের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, ঢাকা শিক্ষা বোর্ডের মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা এবং পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শনের জন্য প্রত্যেক জেলায় সংশ্লিষ্ট জেলা প্রশাসককে আহ্বায়ক করে ৫ সদস্যবিশিষ্ট ভিজিলেন্স কমিটি গঠন করা হয়েছে। ঢাকা শহরে ৫টি

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এস এস সি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

জোনাল উপকেন্দ্রসমূহের পরীক্ষা পরিদর্শনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসককে আহ্বায়ক করে ৫ সদস্যবিশিষ্ট ৫টি ভিজিলেন্স কমিটি গঠন করা হয়েছে। ঢাকা জেলা প্রশাসন কর্তৃপক্ষ সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে সহযোগিতার জন্য সর্বস্তরের জনসাধারণ বিশেষ করে অভিভাবক ও পরীক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

পরীক্ষায় সর্বপ্রকার দুর্নীতি সম্পর্কে সতর্ক থাকতে পরীক্ষা কেন্দ্রগুলোর সাথে যোগাযোগ রাখতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি অনুরোধ জানানো হয়েছে।